তারিখ 22 JUL 2016
পৃষ্ঠা ৩ ... ৬ কলাম ... ১

দৈনিক
জনকণ্ঠ

# শিক্ষার্থীদের মধ্যে যেন জঙ্গী ব্যাধি না ঢোকে খেয়াল রাখুন

স্টাফ রিপোর্টার ॥ কলেজ পর্যায়ে শিক্ষার্থীদের মধ্যে যেন জঙ্গী 'ব্যাধি' ঢুকতে না পারে সেদিকে খেয়াল রাখতে অভিভাবকসহ কলেজ শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, আমাদের বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুল, মাদ্রাসায় জঙ্গীবাদ ঢুকবে আর আমরা হাল ছেড়ে দিয়ে বসে থাকব, তা হয় না। কেবল আইন

## অভিভাবকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী

প্রয়োগ করেও এই সমস্যার সমাধান করা যাবে না। জঙ্গীবাদের বিরুদ্ধে পারিবারিক ও সামাজিক সচেতনতা গড়ে তুলতে হবে। আমরা গোটা জাতি একসঙ্গে মিলে জঙ্গীবাদের বিরুদ্ধে অবস্থান নেব।

বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে 'সন্ত্রাসের বিরুদ্ধে শান্তিসমাবেশ' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ তিনি এ কথা বলেন। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট অডিটরিয়ামে এ সমাবেশ করা হয়। অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত দেশের বিভিন্ন কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক ও শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। জাতীয় বিশ্ববিদ্যায়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশীদের সভপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সদস্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদফতরের মহাপরিচালক এসএম ওহিদুজ্জামান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক দিল আফরোজ, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ গায়ত্রী চ্যাটার্জী, ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ আবু সাঈদ প্রমুখ।

অনুষ্ঠানে কলেজ শিক্ষকদের উদ্দেশ করে শিক্ষামন্ত্রী বলেন, জঙ্গীবাদী কর্মকাণ্ডে সম্পৃক্ত

*(১৫ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## শিক্ষার্থীদের মধ্যে

(১৬-এর পৃষ্ঠার পর)

হিসেবে কিছু শিক্ষা প্রতিষ্ঠানের নাম এসেছে যা উদ্বেগজনক। মুষ্টিমেয় বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীরা জঙ্গীবাদের সঙ্গে যুক্ত হয়েছে। ইতোমধ্যে আমরা খোঁজখবর নেয়া শুরু করেছি। যারা এসব কর্মকাণ্ডে জড়িত তাদের খুঁজে বের করে শাস্তির ব্যবস্থা করা হবে। আপনারাও সচেতন থাকুন, আপনাদের শিক্ষার্থীরা যেন এই ব্যাধিতে না জড়ায়। শিক্ষা প্রতিষ্ঠানে ১০ দিনের বেশি অনুপস্থিত থাকলেই কোন শিক্ষার্থী জঙ্গীবাদে জড়িয়ে পড়েছেন এমন আশঙ্কা অমূলক মন্তব্য করে শিক্ষামন্ত্রী বলেন, আতঙ্ক ছড়াবেন না। কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে সরাসরি অভিভাবকদের সঙ্গে যোগাযোগ করুন, তাদের জানান ও তাদের কথা শুনুন।

জঙ্গীদের উদ্দেশ সম্পর্কে নুরুল ইসলাম নাহিদ বলেন, ইসলাম প্রতিষ্ঠা তাদের উদ্দেশ্য নয়। বিশৃঙ্খলা সৃষ্টি করাই তাদের মূল উদ্দেশ্য। মন্ত্রী বলেন, তরুণ সমাজকে ধর্ম সম্পর্কে ভুল ব্যাখ্যা দিয়ে জঙ্গীবাদের সঙ্গে যুক্ত করা হচ্ছে। আমাদের নতুন প্রজন্ম, যারা আজ দেশের হাল ধরবে তারা আজ দেশ ধ্বংস করায় লিপ্ত। এই বিপথগামী তরুণদের ফিরিয়ে আনতে হবে। শুধু উচ্চশিক্ষিত করলেই চলবে না, তাদের ভাল মানুষ হিসেবে গড়ে তুলতে হবে।

মন্ত্রী বলেন, যেসব স্কুল ও কলেজকে জাতীয়করণের তালিকাভুক্ত করা হয়েছে তার সবই যে জাতীয়করণ হবে তেমন কোন কথা নেই। জাতীয়করণের বিষয়টি প্রধানমন্ত্রী নিজে তদারকি করবেন বলে জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, আমরা শুধু তালিকা তৈরি করে তার কাছে জমা দেব। এ কাজের জন্য যদি কেউ সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে ঘুষ লেনদেন করে থাকেন তবে তার সেই টাকা পুরোটাই বিফলে যাবে।